গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,সাভার,ঢাকা
www.niyd.gov.bd

স্মারকনং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.১৭৭.২৩- ৯৪৫৮

তারিখ : ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ

## নোটিশ

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৪-২০২৫ অর্থ বছরে "নৈতিকতার কমিটির ২য় সভা" ০৭ অক্টোবর ২০২৪ তারিখ সোমবার সকাল ১০.০০ টায় মহাপরিচালক এঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব আবু তাহের মো: মাসুদ রানা, মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০২। সভায় নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচি:

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ;

০২। সিদ্ধান্তের অগ্রগতি ও পর্যালোচনা

০৩। সভার কার্যপত্র উপস্থাপন;

০৪। বিবিধ

প্রাপক...............................

.........................................

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

৩০/০৯/২০২৪
(শাহরিয়ার রহমান)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০২। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

**বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ মাসুদ রানা<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৮/১০/২০২৪ খ্রি. |
| সভার সময় | মধ্যাহ্ন ০২:৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভাপতি ২০২৪-২০২৫ অর্থবছরে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতার কমিটির ২য় সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব জনাব সাহিদা ইয়াসমিন, প্রভাষক (হর্টিকালচার) কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়াদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ২৯ জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির, ১ম সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোন সংশোধন না থাকায় গত সভার কার্যবিববরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | নৈতিকতা কমিটির পরবর্তী সভা আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের ১ম সোমবারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভায় নিম্নবর্ণিত ক্যাটাগরি ভিত্তিক ব্যক্তিবর্গের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>ক) ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী- ২০ জন<br>খ) প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুবনারী-৫ জন<br>গ) যুব সংগঠক-৫ জন<br>ঘ) কমিটির সদস্যগণ | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের ২য় সভা ৩য় কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | কর্মপরিবেশ উন্নয়ন কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা ৩১ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৬ | ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন বাজেটে অনুমোদিত ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশিত ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব ও (উন্নয়ন বাজেটের) অনুমোদিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৭ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় আলোচনা করা হয়। এ সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপিত হয়। | ক)সরকারী নির্দেশনা অনুযায়ী যানবাহনসমূহের যথাযথভাবে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং ব্যয় সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা মতে জ্বালানীর ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>খ) নিয়মিতভাবে লগ বই পরীক্ষা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৮ | ডিপ্লোমা কোর্স ও সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সে আবেদনের অনলাইন ব্যবস্থাপনা সিস্টেম বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) বর্তমানে ভর্তির আবেদন ১০০% অনলাইনে ব্যবস্থাপনা সিস্টেম চালু রয়েছে এবং তা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) Admission and Database Management System এর মাধ্যমে আবেদন গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির/কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা | ৪টি | ২৯-০৭-২০২৪ তারিখে ১ম সভা ও ০৮-১০-২৪ তারিখ ২য় সভা আয়োজিত হয়। পরবর্তী ২টি সভা প্রতি কোর্য়াটারের ১ম সোমবার অনুষ্ঠিত হবে। |
| ২ | অংশীজনের সভা | ২টি (২য় ও ৩য় কোয়ার্টার) | ২য় কোর্য়াটারের ২য় সপ্তাহে ও ৩য় কোয়ার্টারের ১ম সপ্তাহে অংশীজনের সভা অনুষ্ঠিত হবে। |
| ৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন | ২টি (১ম ও ৩য় কোয়ার্টার) | সেপ্টেম্বর/২৪ এ ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। ২য় সভা ফেব্রুয়ারি/২০২৫ এর ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে। |
| ৪ | কর্মপরিবেশ উন্নয়ন সভা | ৩১.১০.২৪<br>০১.০১.২৫ | ৩১.১০.২৪ এবং ০১.০১.২৫ তারিখের মধ্যে আয়োজিত হবে। |
| ৫ | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রকাশ | ০১-০৯-২৪ | ২৮-০৭-২৪ প্রকাশ করা হয়েছে। |
| ৬ | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | ১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-১০০% | চলমান |
| ৭ | বাজেট বাস্তবায়ন | ১ম কোয়ার্টার-১৫%<br>২য় কোয়ার্টার-৪০%<br>৩য় কোয়ার্টার-৭০%<br>৪র্থ কোয়ার্টার-৯০% | চলমান |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অনলাইনে ভর্তি আবেদন | ১০০% | চলমান |

সভাপতি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা" ২০২৪-২০২৫ আন্তরিকতার সাথে বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬-১০-২০২৪
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
০২২২৪৪২৬০৩০
abutaher074@hotmail.com

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০৫.২৩.৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার, রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট;
২। উপ-পরিচালক (রুটিন দায়িত্ব), উপ পরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ণ), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এবং
৩। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

১৬-১০-২০২৪
নাহিয়ান আহমেদ
উপ পরিচালক

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের নৈতিকতা কমিটির ২য় সভা ০৮ অক্টোবর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। সভায় অংশীজনের সভা আয়োজন, ইনস্টিটিউটের কর্ম পরিবেশ উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠান, সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, বাজেট ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সকল প্রশিক্ষণ কোর্সের ভর্তির আবেদন শতভাগ অনলাইনে প্রাপ্তি, এ্যাডমিশন এন্ড ডাটাবেস সিস্টেম সংক্রান্ত সফটওয়্যার এর মাধ্যমে সকল কোর্সের ভর্তির আবেদন গ্রহণের অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। সভায় বর্ণিত বিষয়সমূহে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। সভাপতি দাপ্তরিক কাজের সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও নৈতিকতার বাস্তবায়ন নিশ্চিতে ব্যবস্থা নিতে সভায় উপস্থিত সকলের প্রতি আহবান জানান।











২৭/১০/২০২৪
আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির ২য় সভা

স্থান: মহাপরিচালক এঁর অফিস কক্ষ | সময়: সকাল ১১.৩০ টায়

**উপস্থিতিপত্র**

| নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|
| জনাব আবু তাহের মাসুদ রানা<br>মহাপরিচালক | |
| জনাব রেবেকা সুলতানা<br>উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) | |
| জনাব হুমায়ূন কবির<br>সহকারী পরিচালক (প্রশাসন) | |
| জনাব শারমিন আক্তার<br>সহকারী পরিচালক | |
| জনাব সুইটি আক্তার<br>প্রভাষক | Sweety Akter |
| জনাব সাহিদা ইয়াসমিন<br>প্রভাষক | |